# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

সচিবালয়
পানি ভবন (লেভেল-৭),
৭২,গ্রীণ রোড, ঢাকা-১২০৫

ফোনঃ ০২২২২২৩০০৫৩
ই-মেইলঃ bwdbsecretary@gmail.com
ওয়েবসাইটঃ www.bwdb.gov.bd

Phone: 02222230053
e-mail:bwdbsecretary@gmail.com
website: www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-৩৮২

তারিখ: ০৩ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
১৮ নভেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ মেডিকেল সেন্টার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২, গ্রীণরোড, ঢাকা (পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান) এ ভর্তি/চিকিৎসাধীন থাকাকালীন যেসকল বিল/ফি পরিশোধ করতে হবে তার হার/রেট এবং পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১। পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩৬.৯৯.০০৩.২১-৩৫১; তারিখঃ ৭-১০-২০২১ খ্রিঃ।
২। পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩৬.৯৯.০০৩.২১-৩৫২; তারিখঃ ৭-১০-২০২১ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও স্মারকসূত্রের বরাতে মেডিকেল সেন্টার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২, গ্রীণরোড, ঢাকা (পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান) এ ভর্তি/চিকিৎসা এবং পরবর্তী রিলিজের প্রাক্কালে যেসকল বিল/ফি পরিশোধ করতে হবে তার হার/রেট এবং পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন করা হয়েছে। উল্লেখিত মেডিকেল সেন্টারের বিল/ফি পরিশোধের হার/রেট এবং পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

এ পত্র প্রেরণে মহাপরিচালক মহোদয়ের সম্মতি রয়েছে।

১৮/১১/২০২১
(মোঃ মুজিবুর রহমান)
সচিব
বাপাউবো, ঢাকা।
সেল#০১৭১৪-৪০০৫৩৭
Afrin

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-৩৮২

তারিখঃ ১৮ নভেম্বর, ২০২১ খ্রিঃ

অনুলিপি সংযোজনীসহ প্রেরণ করা হলো।

১। উপ-সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, উন্নয়ন-৩ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণঃ জনাব নাজমুল ইসলাম ভূঁইয়া, উপ-সচিব)

১৮/১১/২০২১
সচিব
বাপাউবো, ঢাকা।
Afrin

পরের পাতা-২

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-৩৮২ তারিখঃ ১৮ নভেম্বর, ২০২১ খ্রিঃ

অনুলিপি সংযোজনসহ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১-৯। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/পশ্চিমাঞ্চল/ দক্ষিণ- পশ্চিমাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ উত্তরাঞ্চল, বাপাউবো, ঢাকা/ চট্টগ্রাম/ কুমিল্লা/সিলেট/ রাজশাহী/ ফরিদপুর/ খুলনা/ বরিশাল/ রংপুর।
১০। প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
১১। প্রধান প্রকৌশলী (পুর), পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
১২। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা।
১৩। প্রধান প্রকৌশলী, (পওর) এর দপ্তর, বাপাউবো, ঢাকা।
১৪। প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম দপ্তর, বাপাউবো, ঢাকা।
১৫। প্রধান প্রকৌশলী, রিভার ম্যানেজমেন্ট, বাপাউবো, ঢাকা।
১৬। প্রধান প্রকৌশলী, ড্যাম এন্ড ব্যারেজ, বাপাউবো, ঢাকা।
১৭। প্রধান প্রকৌশলী, নকশা, বাপাউবো, ঢাকা।
১৮। প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ।
১৯। নিয়ন্ত্রক, (অর্থ, হিসাব ও নিরীক্ষা), বাপাউবো, ঢাকা।
২০। প্রধান পানি ব্যবস্থাপনা, পানি ব্যবস্থাপনার দপ্তর, বাপাউবো, ঢাকা।

(তাঁর অধীনস্থ দপ্তর/দপ্তরসমূহকে প্রয়োজনীয় সংখ্যক অনুলিপি প্রস্তুত করে বিতরণের অনুরোধসহ)

২১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন, বাপাউবো, ঢাকা।
২২-২৬। অতিরিক্ত প্রধান প্রকৌশলী/ প্রকল্প পরিচালক, পিএমইউ-ক্লাস্টার প্রজেক্ট/হাওর এলাকা বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প/সীমান্ত নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প/ পিএমও-এফআরইআরএমআইপি/ গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্প বাপাউবো, ঢাকা।
২৭। যুগ্ম প্রধান (পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
২৮-৩২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কার্যক্রম/ প্রসেসিং/ কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল/ মানব সম্পদ উন্নয়ন/ কেন্দ্রীয় জিআইএস পরিদপ্তর বাপাউবো, ঢাকা।
৩৩-৪৪। পরিচালক, হিসাবরক্ষণ/ অডিট/ অর্থ/ কর্মচারী/ শৃঙ্খলা/ জনসংযোগ/ নিরাপত্তা ও গোয়েন্দা/ সম্পত্তি ও যানবাহন/ কল্যাণ/ ভূমি ও রাজস্ব/প্রশিক্ষণ/প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (উক্ত নির্দেশিকাটি বোর্ডের ওয়েবসাইটের আর্কাইভে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো)
৪৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৪৭-৫১। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/ অর্থ/ পশ্চিম রিজিয়ন/ পূর্ব রিজিয়ন/ পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।

১৮.১১.২০২১
মোঃ সিরাজুল ইসলাম
উপ-পরিচালক (বোর্ড)
বাপাউবো, ঢাকা

ডায়েরী নং ৫৮৩ তারিখঃ ২২/১১/২১
প্রোগ্রামার ১/২ ❖ জরুরী
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪ ❖ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নেটওয়ার্ক প্রকৌশলী ❖ নথিতে পেশ করুন
অফিস সহকারী ❖ নথিতে রাখুন
২৩/১১/২০২১ ❖ তাগিদ পত্র দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড মেডিকেল সেন্টার পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা

(পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান)

বোর্ড সচিবালয়
পানি ভবন, ৭২, গ্রীণরোড, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর-৪২.০০.০০০০.০৩৬.৯৯.০০৩.২১-৩৫১

তারিখ: ২২ আশ্বিন ১৪২৮ / ০৭ অক্টোবর ২০২১

বিষয়: "মেডিকেল সেন্টার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২, গ্রীনরোড, ঢাকা (পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান)" এর পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা অনুমোদন।

সূত্র: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের স্মারক নম্বর-৫৪২-পাউবো(কল্যাণ)/বিবিধ-৭২১/২০২১; তারিখ: ০৯/৫/২০২১

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে "মেডিকেল সেন্টার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২, গ্রীনরোড, ঢাকা (পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান)" এর পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা নির্দেশক্রমে অনুমোদন জ্ঞাপন করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব
ফোন : ৯৫৭৬৫০৮
ই-মেইল-dev3@mowr.gov.bd


মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতির জন্য

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৪। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রীনরোড, ঢাকা।
৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(সর্বশেষ সংশোধিত)

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কল্যাণ পরিদপ্তর
৭২, গ্রীণ রোড, ঢাকা।

১। শিরোনামঃ "মেডিকেল সেন্টার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২ গ্রীণরোড, ঢাকা (পানি সম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি প্রতিষ্ঠান)"এর পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা।

২। প্রতিষ্ঠানের নামঃ প্রতিষ্ঠানটি "মেডিকেল সেন্টার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২ গ্রীণ রোড, ঢাকা (পানি সম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি প্রতিষ্ঠান)" নামে অভিহিত হইবে। ইহা একটি অলাভজনক চিকিৎসা সুবিধা প্রদান বিষয়ক প্রতিষ্ঠান।

৩। সংজ্ঞাঃ

(ক) "কর্মচারী" বলতে পানি সম্পদ মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থা ও পাবলিক ট্রাস্টিসমূহে কর্মরত ও অবসরপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীকে বুঝাবে।

(খ) "পরিবার" বলতে কর্মচারীর স্বামী/স্ত্রী, সন্তান, বাবা ও মা কে বুঝাবে।

(গ) "কর্তৃপক্ষ" বলতে মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কে বুঝাবে। তবে মেডিকেল সেন্টার পরিচালনা সংক্রান্ত যেকোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে অবশ্যই মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করতে হবে।

৪। মেডিকেল সেন্টারের পরিচালনা:-

৪.১। "মেডিকেল সেন্টার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২ গ্রীণরোড, ঢাকা (পানি সম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি প্রতিষ্ঠান)" বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কল্যাণ পরিদপ্তর এর মেডিকেল ইউনিটের আওতাধীন বিধায় পরিচালক, কল্যাণ পরিদপ্তর ইহার সামগ্রিক পরিচালনার দায়িত্ব পালন করিবেন।

৪.২। "মেডিকেল সেন্টার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২ গ্রীণরোড, ঢাকা (পানি সম্পদ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি প্রতিষ্ঠান)" এর সুষ্ঠ ব্যবস্থাপনার জন্য নিম্ন বর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হবে।

| ক্রমিক নং | কর্মকর্তা | অবস্থান |
|---|---|---|
| ১. | মহাপরিচালক, বাপাউবো, ঢাকা | আহবায়ক |
| ২. | অতিরিক্ত মহাপরিচালক, (প্রশাসন), বাপাউবো, ঢাকা | সদস্য |
| ৩. | অতিরিক্ত মহাপরিচালক, (অর্থ), বাপাউবো, ঢাকা | সদস্য |
| ৪. | অতিরিক্ত মহাপরিচালক, (পূর্ব রিজিওন), বাপাউবো, ঢাকা | সদস্য |
| ৫. | প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল, বাপাউবো, ঢাকা | সদস্য |
| ৬. | উপ-সচিব সমমানের পানি সম্পদ মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭. | পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি ও অন্যান্য বিষয়ে বোর্ড কর্তৃক পৃথক আদেশ জারি করা হবে।

৪.৩। মেডিকেল সেন্টারটি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কল্যাণ পরিদপ্তরের আওতায় মেডিকেল ইউনিটের নিয়মিত সেট-আপ ভূক্ত জনবল দ্বারা পরিচালিত হওয়ার পূর্ব পর্যন্ত পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে সরবরাহকৃত জনবল দ্বারা পরিচালিত হবে। এই পরিচালনা ব্যয় সংস্থাপনব্যয় খাতভূক্ত "কনসালটেন্সী" উপ-খাত (কোড নং-৩২৫৭১০১) হতে নির্বাহ করা হবে।

৪.৪। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কল্যাণ পরিদপ্তরের আওতায় মেডিকেল ইউনিটের নিয়মিত সেট-আপ পুনর্গঠিত হলে নিয়মিত জনবল দ্বারা মেডিকেল সেন্টারটি পরিচালিত হবে।

৪.৫। পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা মেডিকেল সেন্টারের পরিচালনার জন্য ক্রয়কৃত, সংগৃহীত যাবতীয় মালামালের হিসাব সংরক্ষণ করবেন।

৫। সেবা গ্রহণের প্রাধিকারঃ

৫.১।পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ হাওড় ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, নদী গবেষণা ইনস্টিটিউট, যৌথ নদী কমিশন, সিইজিআইএস ও আই ডব্লিউ এম এর কর্মরত কর্মচারী ও তাঁদের পরিবারবর্গ এ মেডিকেল সেন্টারে চিকিৎসা সুবিধা গ্রহনের জন্য বিবেচিত হবেন।

৫.২।অবসরপ্রাপ্ত কর্মচারীগণের ক্ষেত্রে কেবলমাত্র কর্মচারী স্বয়ং এই সুবিধার আওতাভুক্ত হবেন। তবে পাবলিক ট্রাস্টিসমূহের ক্ষেত্রে অবসরপ্রাপ্ত কর্মচারী এই সুবিধার আওতাভুক্ত হবেন না।

৬। মেডিকেল সেন্টারে ভর্তিঃ

৬.১।চিকিৎসা সেবা গ্রহণকারী কর্মচারী কে মেডিকেল সেন্টারে ভর্তির প্রাক্কালে জাতীয় পরিচয়পত্র ও সংস্থা/প্রতিষ্ঠানের পরিচয়পত্র এবং পরিবারের সদস্যদের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন ও সংশ্লিষ্ট কর্মচারীর সংস্থা/প্রতিষ্ঠানের পরিচয়পত্রের ফটোকপি অবশ্যই জমা দিতে হবে।

৬.২।মেডিকেল সেন্টারে ভর্তির সময় সেবা গ্রহণকারী কর্মচারী কে কর্তৃপক্ষ কর্তৃক র্নির্ধারিত জামানত আবশ্যিকভাবে জমা প্রদান করতে হবে। যা পরবর্তীতে চূড়ান্ত বিলের সাথে সমন্বয় করা হবে।

৬.৩।পাবলিক ট্রাস্টিসমূহের কর্মচারীগণকে চূড়ান্ত বিলের অতিরিক্ত ২৫% সার্ভিস চার্জ প্রদান করতে হবে।

৭। মেডিকেল সেন্টারে বিনামূল্যে প্রাপ্য সুবিধাসমূহঃ

৭.১। মেডিকেল সেন্টারে ভর্তি থাকাকালীন কোন সিট ভাড়া প্রদান করতে হবে না।

৭.২। মেডিকেল সেন্টারে নিয়োজিত কোন চিকিৎসক, নার্স অথবা অন্যান্য জনবল কর্তৃক সেবা প্রদানের ক্ষেত্রে কোন বিল/চার্জ প্রদান করতে হবে না।

৮। মেডিকেল সেন্টারে যে সকল বিল পরিশোধযোগ্যঃ

৮.১। মেডিকেল সেন্টারে নিয়োজিত চিকিৎসক ব্যতীত কোন বিশেষজ্ঞ চিকিৎসক-কে অন-কলে (on call) আনতে হলে তাঁর জন্য নির্ধারিত ফি সংশ্লিষ্ট কর্মচারীকে বহন করতে হবে। তবে এ ক্ষেত্রে চিকিৎসাধীন কর্মচারী অথবা তাঁর এটেনডেন্টকে পূর্বেই বিষয়টি অবহিত করে অনুমতি নিতে হবে।

৮.২। সেবা গ্রহণকারী কর্মচারী মেডিকেল সেন্টারে অবস্থানকালীন চিকিৎসায় প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা, ঔষধ ও প্রতিষেধক, চিকিৎসা সামগ্রী, স্বাস্থ্যবিধান (Sanitation) সামগ্রী, খাবার ও অন্যান্য আনুষাঙ্গিক খরচ বহন করবেন। চিকিৎসাধীন অবস্থায় মেডিকেল সেন্টার হতে জরুরী ভিত্তিতে সরবরাহকৃত ঔষধপত্র, চিকিৎসা সামগ্রী ও খাবার এর মূল্য চূড়ান্ত বিলের সাথে সংযোজন করা হবে।

৮.৩। মেডিকেল সেন্টারে সম্পাদিত বিভিন্ন পরীক্ষা যেমন: (১) ব্লাড গ্লুকোজ পরিমাপ, (২) ইসিজি, (৩) এক্সরে, (৪) এ,বি,জি মেশিনের মাধ্যমে সম্পাদিত পরীক্ষা ইত্যাদির বিল কর্মচারীকে পরিশোধ করতে হবে। বিভিন্ন ডায়াগনষ্টিক ল্যাবের সাথে যোগাযোগ করে এ বিষয়ে বোর্ড কর্তৃক মূল্য নির্ধারন করা হবে।

৮.৪। মেডিকেল সেন্টারে থাকাকালীন অক্সিজেন প্রয়োজন হলে কর্মচারীকে তাঁর মূল্য পরিশোধ করতে হবে। বাপাউবো কর্তৃক এ বিষয়ে মূল্য নির্ধারন করা হবে।

৯। এম্বুলেন্স ব্যবহারঃ

৯.১। মেডিকেল সেন্টারে রোগীর যাতায়াতের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে ভাড়া পরিশোধ সাপেক্ষে এম্বুলেন্স ব্যবহার করা যাবে।

৯.২। ঢাকার বাইরে যাতায়াতের ক্ষেত্রে কর্তৃপক্ষের লিখিত অনুমোদন গ্রহণ করতে হবে।

১০। ক্রয় ও পরিবহনঃ

মেডিকেল সেন্টার পরিচালনায় প্রয়োজনীয় যাবতীয় ক্রয় ও পরিবহন এর ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী কর্মকর্তা হিসাবে পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা কর্তৃক সরকারী ক্রয় নীতিমালা পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ যথাযথ অনুসরণ করতে হবে।

১১। ইউটিলিটি চার্জ পরিশোধঃ

মেডিকেল সেন্টারের ভবন ও উহার আঙ্গিনায় ব্যবহৃত ইন্টারনেট, বিদ্যুৎ, পানি, গ্যাস, পৌরকর ইত্যাদি ইউটিলিটি চার্জ মেডিকেল সেন্টার পরিচালনার ব্যয় হতে পরিশোধ করতে হবে।

১২। স্বাস্থ্যবিধিঃ

১২.১। কোভিড-১৯ ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে সরকার কর্তৃক নির্ধারিত স্বাস্থ্যবিধি যথাযথ অনুসরণ করতে হবে।

১২.২। কোভিড-১৯ আক্রান্ত রোগীর চিকিৎসা প্রদানের ক্ষেত্রে উপযুক্ত আইসোলেশন/কোয়ারেন্টাইন নিশ্চিত করতে হবে।

১৩। বর্জ্য ব্যবস্থাপনাঃ

সাধারণ এবং মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা ও অপসারণে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন এর সাথে সমন্বয় করে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১৪। তহবিল গঠনঃ

মেডিকেল সেন্টার পরিচালনার জন্য নিম্ন বর্ণিতভাবে একটি তহবিল গঠন করা যেতে পারে:

১৪.১। সময় সময় সরকার বা অন্যকোন সংস্থা বা প্রতিষ্ঠান হতে অনুদান হিসাবে প্রাপ্ত অর্থ,

১৪.২। মানব কল্যাণে কোন ব্যক্তি কর্তৃক নি:শর্তভাবে অনুদান বাবদ প্রদত্ত অর্থ,

১৪.৩। মানব কল্যাণে কোন ব্যক্তি কর্তৃক নি:শর্তভাবে প্রদত্ত সম্পত্তি,

১৪.৪। অন্যান্য বৈধ উৎস হতে প্রাপ্ত অর্থ যেমন-কোন কর্মচারী কর্তৃক নিজ উদ্যোগে প্রদত্ত অর্থ।

১৫। অর্থ ব্যবস্থাপনাঃ

১৫.১। মেডিকেল সেন্টার পরিচালনার জন্য **"মেডিকেল সেন্টার পরিচালনা"** শিরোনামে যে কোন সরকারী তফসীলি ব্যাংকে একটি আলাদা ব্যাংক হিসাব খোলতে হবে।

১৫.২। অনুচ্ছেদ-১৫.১ এ বর্ণিত ব্যাংক হিসাবটি বোর্ড কর্তৃক নির্ধারিত শর্তাদি প্রতিপালন সাপেক্ষে পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা ও র‍্যাক প্রধান, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা অথবা বোর্ড কর্তৃক নির্ধারিত অন্যকোন কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।

১৫.৩। জরুরী ভিত্তিতে ঔষধপত্র, চিকিৎসা সামগ্রী ও খাবার সরবরাহ, এ্যাম্বুলেন্স ব্যবহার, বিভিন্ন পরীক্ষা-নিরীক্ষা, অক্সিজেন ইত্যাদি বাবদ গৃহীত অর্থ মেডিকেল সেন্টার পরিচালনার জন্য নির্দিষ্ট ব্যাংক হিসাবে জমা করতে হবে। এ বিষয়ে পরিচালক, কল্যাণ পরিদপ্তর, প্রয়োজনীয় মনিটরিং করবেন।

১৫.৪। যথাযথ আর্থিক বিধান অনুসরনপূর্বক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে উক্ত হিসাবের অর্থ মেডিকেল সেন্টার পরিচালনা ব্যয় নির্বাহের জন্য ব্যবহৃত হবে।

১৫.৫। আর্থিক বছর শেষে বোর্ডের আভ্যন্তরীন অডিট কর্তৃক নিরীক্ষার পর উক্ত হিসাবের উদ্বৃত্ত অর্থ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এর নিজস্ব আয় হিসাবে মেডিকেল সেন্টার পরিচালনার জন্য পরবর্তী অর্থ বছরের বাজেটে অন্তর্ভুক্ত হবে। মেডিকেল সেন্টারের দায়িত্বে নিয়োজিত প্রধান চিকিৎসা কর্মকর্তা বা চীফ কনসালটেন্ট নিরীক্ষা দলকে যাবতীয় তথ্যাদি/কাগজাদি সরবরাহ পূর্বক সহায়তা করবেন।

১৫.৬। মেডিকেল সেন্টার বাপাউবো, ঢাকার অর্থ সংরক্ষণ ও নিরীক্ষা সংক্রান্ত যাবতীয় ব্যয় মেডিকেল সেন্টারের নিজস্ব আয় হতে বহন করা হবে।

১৬। বর্ণিত সংস্থাসমুহের (কর্মকর্তা ও কর্মচারী)গণ চাকুরী জীবন শেষে পেনশন উত্তোলনের প্রাক্কালে কিংবা তাঁদের মৃত্যুজনিত কারনে পারিবারিক পেনশন উত্তোলনের প্রাক্কালে আবশ্যিকভাবে কল্যাণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড হতে না-দাবী পত্র সংগ্রহ করতে হবে।

নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২৬৪ ........................মপ তারিখঃ ৭/১০/২১
১। অমপ (পূর্ব/পশ্চি/পরি/প্রশাসন/অর্থ)/ প্রঃ প্রকৌঃ (পরি/মনি)
২।.......................................................
★ অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।
★ বিধি মোতাবেক ব্যবস্থা নিন।
★ পত্রের মর্মানুসারে প্রতিবেদন পেশ করুন।
★ পরীক্ষা করে পেশ করুন।
★ তদন্ত করে মতামত সহ প্রতিবেদন দিন।
★ সভায় যোগদান করুন এবং কার্যবিবরণী অবহিত করুন
★ আলাপ করুন
মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

স্মারক নম্বর-৪২.০০.০০০০.০৩৬.৯৯.০০৩.২১-৩৫২

তারিখ: ২২ আশ্বিন ১৪২৮ / ০৭ অক্টোবর ২০২১

বিষয়: "মেডিকেল সেন্টার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২, গ্রীনরোড, ঢাকা (পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান)" এ ভর্তি/চিকিৎসাধীন থাকাকালীন যে সকল বিল/ফি পরিশোধ করতে হবে তার হার/রেট অনুমোদন সংক্রান্ত।

সূত্র: বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের স্মারক নম্বর-৭৯-পাউবো-৭২৪/২০২১; তারিখ: ১৯/৮/২০২১

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে "মেডিকেল সেন্টার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২, গ্রীনরোড, ঢাকা (পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ একটি প্রতিষ্ঠান)" এর পরিচালনা সংক্রান্ত নির্দেশিকা মোতাবেক মেডিকেল সেন্টারে ভর্তি/চিকিৎসা পরবর্তী রিলিজের প্রাক্কালে যে সকল বিল/ফি পরিশোধ করতে হবে তার হার/রেট নির্দেশক্রমে অনুমোদন জ্ঞাপন করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) এর দপ্তর
ডাইরী নং- ৭০৫৭ তারিখঃ ২০/১০/২০২১
প্রধান প্রকৌঃ/পানি ব্যবস্থাপনা
পরিচালক, কর্ড/ কগ/ সওপ্রা/ শৃংখলা/ প্রশিক্ষণ/ কল্যাণ/ নিরাপত্তা/ জনসংযোগ
উপ-সচিব (প্রশাসন)/ উপ-পরি (আইন)
জরুরী/ অতি জরুরী/ আলাপ করুন/ মতামত দিন/ প্রয়োজনীয় ব্যবস্থা নিন/ তাগাদা দিন/ নথিতে পেশ করুন/ নথিতে রাখুন
পিএ
অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)

০৭/১০/২১
নাজমুল ইসলাম ভূইয়া
উপসচিব
ফোন : ৯৫৭৬৫০৮
ই-মেইল-dev3@mowr.gov.bd

মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা।

ডাইরী নং ১২৪৫৭ তাং ২১/১০/২১
উপ-পরি-১ / জরুরী
উপ-পরি-২ / আলাপ করুন/পেশ করুন
উপ-পরি (ট্রাস্টি বোর্ড) / প্রয়োজনীয় ব্যবস্থা নিন
উপ-১/২ / নথিভুক্ত রাখুন
উন্নয়ন
পরিচালক, কল্যাণ

অনুলিপি : সদয় অবগতির জন্য

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৪। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রীনরোড, ঢাকা।
৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মেডিকেল সেন্টার,
# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড,
# ৭২, গ্রীণরোড, ঢাকা
**(পানি সম্পদ মন্ত্রণালয়ের অধিনস্থ একটি প্রতিষ্ঠান)**

মেডিকেল সেন্টার, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ৭২, গ্রীণরোড, ঢাকা (পানি সম্পদ মন্ত্রণালয়ের অধিনস্থ একটি প্রতিষ্ঠান) – এ ভর্তি/ চিকিৎসাধীন থাকাকালীন যে সকল বিল/ ফি পরিশোধ করিতে হইবে তাহা নিম্নরুপ:-

| ক্রমিক নং | পরীক্ষা বা বিষয়সমূহের নাম | রেট (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | এক্স –রে (X-RAY) | প্রতিবারে ২০০/= (দুই শত) | বাপাউবো মেডিকেল সেন্টারে সম্পন্ন করা হবে। মেডিকেল সেন্টারের নির্ধারিত ব্যাংক একাউন্টে জমা দিতে হবে। তবে বিশেষ প্রয়োজনে বাহির হতে করা হলে সে ক্ষেত্রে রোগী/ রোগীনীর পক্ষ হতে রিপোর্ট টি সংগ্রহ করে মেডিকেল সেন্টারে জমা দিতে হবে। |
| ২। | ইসিজি (ECG) | প্রতিবারে ১০০/= (এক শত) | বাপাউবো মেডিকেল সেন্টারে সম্পন্ন করা হবে। মেডিকেল সেন্টারের নির্ধারিত ব্যাংক একাউন্টে জমা দিতে হবে। তবে বিশেষ প্রয়োজনে বাহির হতে করা হলে সে ক্ষেত্রে রোগী/ রোগীনীর পক্ষ হতে রিপোর্ট টি সংগ্রহ করে মেডিকেল সেন্টারে জমা দিতে হবে। |
| ৩। | রক্তের শর্করা পরীক্ষা Random Blood Sugar (RBS) | প্রতিবারে ১০০/= (এক শত) | বাপাউবো মেডিকেল সেন্টারে সম্পন্ন করা হবে। মেডিকেল সেন্টারের নির্ধারিত ব্যাংক একাউন্টে জমা দিতে হবে। তবে বিশেষ প্রয়োজনে বাহির হতে করা হলে সে ক্ষেত্রে রোগী/ রোগীনীর পক্ষ হতে রিপোর্ট টি সংগ্রহ করে মেডিকেল সেন্টারে জমা দিতে হবে। |
| ৪। | অক্সিজেন (Oxygen) | Normal Canula (1-4 Litre/ Hour) প্রতি ঘন্টায় ১০০/= (এক শত)<br>Face Mask (5-10 Litre/ Hour) প্রতি ঘন্টায় ৩০০/= (তিন শত)<br>Non Breather Mask (NRM) (10-15 Litre/ | মেডিকেল সেন্টারের নির্ধারিত ব্যাংক একাউন্টে জমা দিতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| | | Hour)<br>প্রতি ঘন্টায় ৩৫০/=<br>(তিন শত পঞ্চাশ)<br>High Flow Nasal Canula (HFNC)<br>প্রতি ঘন্টায় ৭০০/=<br>(সাত শত) | |
| ৫। | ভেন্টিলেশন (Ventilation)/ (Life Support) | প্রতি দিন ৩০০০/=<br>(তিন হাজার) | মেডিকেল সেন্টারের নির্ধারিত ব্যাংক একাউন্টে জমা দিতে হবে। |
| ৬। | সার্ভিস মেটেরিয়ালস (Service Materials)<br>(প্রতিদিন তিন শিফটে ব্যবহার্য One Time Use Gawon, Head Cover, Shoe Cover, Gloves, Sanitizer, Cleaning Materials etc.) | প্রতিদিন ৩,৫০০/=<br>(তিন হাজার পাঁচ শত) | মেডিকেল সেন্টারের নির্ধারিত ব্যাংক একাউন্টে জমা দিতে হবে। |
| ৭ | প্যাথলজিক্যাল পরীক্ষা (Pathological Tests) | পরীক্ষাকারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত বিলের ভিত্তিতে | রোগী/ রোগীনীর পক্ষ হতে রিপোর্ট টি সংগ্রহ করে মেডিকেল সেন্টারে জমা দিতে হবে। |
| ৮। | খাদ্য (Food) | সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত বিলের ভিত্তিতে | রোগী/ রোগীনীর পক্ষ হতে নিজস্ব ব্যবস্থাপনায় এটি করা যেতে পারে। |
| ৯। | ধোলাই (Laundry Bill) | প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত বিলের ভিত্তিতে | |
| ১০। | ঔষধ (Medicine) | রোগী/ রোগীনীর পক্ষ হতে নিজস্ব ব্যবস্থাপনায় | মেডিকেল সেন্টারের চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী। মেডিকেল সেন্টার হতে তাৎক্ষণিক কোন ঔষধ সরবরাহ করা হলে তা পরবর্তীতে ক্রয়পূর্বক জমা দিতে হবে অথবা ক্রয়মূল্য পরিশোধ করতে হবে। |
| ১১। | বিশেষজ্ঞ চিকিৎসক (Specialist Consultant) | প্রতি জনে প্রতিবারে ন্যুনতম ২০০০/= (দুই হাজার) | মেডিকেল সেন্টারে নিয়োজিত বিশেষজ্ঞের অতিরিক্ত প্রয়োজন হলে রোগী/ রোগীনী কে পূর্বেই অবহিত করার মাধ্যমে। |

| | | | |
|---|---|---|---|
| ১২। | এ্যাম্বুলেন্স (Ambulance) | ঢাকা শহরে প্রতি কিলোমিটার ১০.০০(দশ) টাকা হারে, ঢাকা শহরের বাইরে প্রতি কিলোমিটার ২০.০০ (বিশ ) টাকা হারে। | চূড়ান্ত বিলের সাথে এটি যোগ করা হবে। |
| ১৩। | বেড ভাড়া/ ডাক্তার ফি/ নার্সিং/ ক্লিনিং/ অন লাইন ডাক্তারী পরামর্শ | সম্পূর্ন ফ্রি | |

**বি: দ্র: ১। মেডিকেল সেন্টারে কোন প্রকার নগদ লেনদেন করা যাবেনা।**

**২। ইহা মেডিকেল সেন্টার উদ্বোধনের তারিখ ১৫-০৬-২০২১খ্রি: হতে কার্যকরী হবে।**

---------আদেশক্রমে কর্তৃপক্ষ।

মাজহারুল ইসলাম ভূইয়া
উপসচিব
পানি সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার